



# বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ ০২-৫৫০০৬৮৮৮, ফ্যাক্স: ৮৮০-২-৫৫০০৬৭৯১, ই-মেইল: [bccinfo@bcc.net.bd](mailto:bccinfo@bcc.net.bd), Web: [www.bcc.gov.bd](http://www.bcc.gov.bd)

## বিজ্ঞপ্তি

### যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জাতীয় আইটি প্রতিযোগিতা ২০২২

আইসিটি বিভাগের তত্বাবধানে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ৬ষ্ঠ বারের মত যুব প্রতিবন্ধী ব্যক্তিদের আইটি প্রতিযোগিতার আয়োজন করতে যাচ্ছে। এ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

প্রতিযোগী প্রতিবন্ধী ব্যক্তিদের বয়সসীমা: ১৪-২২ বছর

বয়সের প্রমাণপত্র হিসেবে জন্ম সনদ এবং প্রতিবন্ধিতার ধরণ সম্পর্কে সমাজসেবা অধিদপ্তর অথবা এমবিবিএস চিকিৎসক প্রদত্ত সনদ জমা দিতে হবে।

যোগ্যতা : কমপক্ষে অষ্টম শ্রেণী পাশ। প্রমাণ স্বরূপ জেএসসি সার্টিফিকেট ও মার্কশীট জমা দিতে হবে। তবে এনডিডি প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সর্বনিম্ন ৬ষ্ঠ শ্রেণী পাশ হতে হবে। জেএসসি প্রবর্তনের পূর্বে যারা পাশ করেছেন, তারা স্কুলের সনদ ও মার্কশীট জমা দিবেন। উচ্চতর যোগ্যতা সম্পন্ন প্রতিযোগীরা সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও মার্কশীট জমা দিবেন। প্রতিযোগীদের অবশ্যই কম্পিউটার পরিচালনা, এপ্লিকেশন সফটওয়্যার ও ইন্টারনেট ব্যবহারে দক্ষতা থাকতে হবে।

আবেদনের পদ্ধতি: তিনভাবে আবেদন করা যাবে: ১. ডাকযোগে, ২. ই-মেইল এবং ৩. অনলাইন

প্রত্যেক প্রতিযোগীকে প্রয়োজনীয় সনদ, উপরে উল্লেখিত প্রমাণপত্র, ২ (দুই)কপি পাসপোর্ট সাইজের ছবি এবং নির্ধারিত আবেদন ফরম (বিসিসি'র ওয়েবসাইট [www.bcc.gov.bd](http://www.bcc.gov.bd) এবং <https://www.epwdict.com> থেকে সংগ্রহ করা যাবে) পূরণ করে “নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল” বরাবর আবেদন করতে হবে। খামের উপর “যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জাতীয় আইটি প্রতিযোগিতা-২০২২” লেখা থাকতে হবে। ডাকযোগে/ কুরিয়ারে “বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭” ঠিকানায় নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদনপত্র পৌছাতে হবে।

এছাড়াও [nitcpwd2022@gmail.com](mailto:nitcpwd2022@gmail.com) ই-মেইল ঠিকানায় নির্ধারিত আবেদন ফরম পূরণ করে প্রমাণাদিসহ আবেদন প্রেরণ করা যাবে এবং [www.epwdict.com](http://www.epwdict.com) লিংকের মাধ্যমে online-এ আবেদন করা যাবে।

আবেদনের সময়সীমা: ১৯ মে ২০২২ তারিখ বিকাল ৫ ঘটিকার মধ্যে।

প্রতিযোগিতার স্থান: ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক, গ্রীন রোড, ফার্মগেট, ঢাকা।

তারিখ ও সময় : ৩০ মে ২০২২, সকাল ৮:০০ হতে বিকাল ৫:০০টা (আনুমানিক)।

প্রতিযোগিতার বিষয়: মাইক্রোসফ্ট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট।

প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ও বিজয়ী যুব প্রতিবন্ধী ব্যক্তিগণের জন্য সুবিধাসমূহ:

জাতীয় পর্যায়ে এ প্রতিযোগিতায় বিজয়ী প্রতিযোগীদের জন্য রয়েছে আকর্ষণীয় পুরস্কার। এ ছাড়া প্রত্যেক প্রতিযোগীকে সনদ প্রদান করা হবে। অংশগ্রহণের জন্য নির্বাচিত প্রতিযোগীদের যাতায়াত ভাতা প্রদান করা হবে। বিজয়ী প্রতিযোগীদের মধ্য হতে দক্ষতার ভিত্তিতে আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য দল গঠন করা হবে। নির্বাচিত অংশগ্রহণকারীদের বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত উচ্চতর কোর্সে এবং আয়োজিত চাকুরি মেলায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

প্রতিযোগিতার জন্য নির্বাচিত প্রার্থীর তালিকা বিসিসি'র ওয়েবসাইট ([www.bcc.gov.bd](http://www.bcc.gov.bd)) এ ২২ মে ২০২২ তারিখ প্রকাশ করা হবে। বিস্তারিত জানতে বিসিসি'র ওয়েবসাইট ও ফেসবুক পেজ ([www.facebook.com/bcc.ict/](http://www.facebook.com/bcc.ict/)) দেখার অনুরোধ জানানো যাচ্ছে। যোগাযোগঃ ০১৭২৩০০১৮৮৮, ০১৮১০১৫০১৯৬

18/04/2022

(মোহাম্মদ এনামুল কবির)

পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন)

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)

ফোন: ৫৫০০৬৮২২